ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৪০৬
খোয়াই,৮ জানুয়ারি,২০২৫

## খোয়াই জেলাভিত্তিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত

সমগ্র শিক্ষা অভিযানের কর্মসূচির অঙ্গ হিসেবে গতকাল পদ্মবিল ব্লকের বীরচন্দ্রপুর দ্বাদশ শ্রেণি বিদ্যালয় মাঠে খোয়াই জেলাভিত্তিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। জেলা শিক্ষা আধিকারিকের কার্যালয়ের উদ্যোগে এই ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন করেন খোয়াই জিলা পরিষদের সহকারি সভাধিপতি সত্যেন্দ্রচন্দ্র দাস। অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিধায়ক রঞ্জিত দেববর্মা, জেলাশাসক চান্দনী চন্দ্রন, জেলা ক্রীড়া আধিকারিক কমলেন্দু শীল, জেলা শিক্ষা আধিকারিক কার্যালয়ে ওএসডি ঋষিকেশ দেববর্মা প্রমুখ।

অনুষ্ঠানের উদ্বোধন করে সহকারি সভাধিপতি শ্রীদাস বলেন, শরীর চর্চা ও খেলাধুলার মাধ্যমে শরীর ও মন চাঙ্গা থাকে। তাই প্রত্যেকটি পরিবারে যোগাভ্যাস জরুরি। এরমধ্য দিয়ে রোগ মুক্ত সমাজ গড়ে তুলতে অভিভাবক ও ছাত্রছাত্রীদের প্রতি তিনি আহ্বান জানান। অনুষ্ঠানের বিধায়ক রঞ্জিত দেববর্মা পড়াশুনার পাশাপাশি খেলাধুলা, যোগাভ্যাস করতে ছাত্রছাত্রীদের প্রতি আহ্বান জানান। ক্রীড়া প্রতিযোগিতায় জেলার বিভিন্ন বিদ্যালয়ের নবম থেকে দ্বাদশ শ্রেণির ছাত্রছাত্রীরা লংজাম্প, শটপাট, দৌড় সহ ৭টি ইভেন্টে অংশগ্রহণ করে। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ওএসডি ঋষিকেশ দেববর্মা। সভাপতিত্ব করেন জেলা শিক্ষা আধিকারিক দীনেশ দেববর্মা। অনুষ্ঠান শেষে প্রথম, দ্বিতীয়, তৃতীয় স্থানাধিকারী খেলোয়াড়দের হাতে অতিথিগণ পুরস্কার তুলে দেন।

*****